

অব্বাস্য!

অব্বাস্য! অব্বাস্য!
বনেট চ'ড়ে নৃত্য ক'রে
আমি কেমন নেত্রী হ'লাম
অব্বাস্য!

সভায় সভায় গলার জোরে
যখন তখন হাত পা নেড়ে
ভাজপা - দলের ভৃত্য হলাম!
অব্বাস্য!

খর্চা করে পয়সা গেঁটের
ডিগ্নি পেলাম ডক্টরেটের
অষ্ট্রিয়াতে অল্প রেটের
(আমেরিকান কর্পোরেটের)
অব্বাস্য!

ও.সি.-র গালে চড় কষালাম,
সাস্ত্রী দেখে তেড়ে গেলাম,
কেশপুরাতে কেশ পোড়ালাম,
পাশকুঁড়াতে লাশ কুড়ালাম,
গড়বেতাতে ঘর পোড়ালাম,
আঙারিয়ায় আঙুন দিলাম,
তবুও কেন হেরে গেলাম
অব্বাস্য!

কংগো ছেড়ে, বঙ্গ ছেড়ে
বজরঙ্গের সঙ্গে গেলাম
ভাজপা ধ'রে হাত-পা ধ'রে
কেমন পূর্ণ মন্ত্রী হ'লাম
অব্বাস্য!

রেলের গাড়ি চড়েছিলাম
মাঝপথে চেন টেনে দিলাম
নেমে গেলাম, অব্বাস্য!
ফের গাড়িতে চড়তে গেলাম
সীট খালি নেই, অব্বাস্য!

এসব কথা সব লিখছি;
বই লিখেছি 'অব্বাস্য'
বঙ্গ দেশে রঙ্গ শেষে
অবশেষে হেরেই গেলাম
অব্বাস্য! অব্বাস্য!

সমুদ্র ঘোষ

গুজরাট, ২০০২

জোটে ফাটল তবু অটল
অটল রহে
দেশে নরকাগ্নি বহে
হেসে শান্তি বচন কহে।

অদ্যাবধি আঁকড়ে গদি
নরের অধম হত্যামোদী
নিউটনেরই সূত্র কহে,
বলে, 'ইহা প্রতিব্রিয়া,
হত্যা নহে।'

তবু দেশম, তৃণবাদী
মৌলবাদীর ঝান্ডা বহে,
ধুকুমারী ঘাসকুমারীর
অটল-ভক্তি অচল রহে।

রসুই - ঘরে বেগুন পোড়ে
তবু তাকে পটল কহে।

সমুদ্র ঘোষ

